# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

**আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০**

## মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের নির্দেশিকা

07 NOV 2021

প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

# সূচীপত্র

মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের নির্দেশিকা


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | ভূমিকা ---------------------------------------------------------------------- | ০৩ |
| ২। | সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের উদ্দেশ্য ----------------------------------------- | ০৩ |
| ৩। | কমিশনের এখতিয়ার -------------------------------------------------------------- | ০৩ |
| ৪। | তালিকাভুক্তি সনদের ধরন ---------------------------------------------------------- | ০৪ |
| ৫। | কারখানা স্থাপনের ক্ষেত্রে তালিকাভুক্তি সনদ গ্রহণ ও নবায়নের জন্য আবেদন প্রক্রিয়া --------- | ০৫ |
| ৬। | তালিকাভুক্তি সনদের মেয়াদকাল ও নবায়ন --------------------------------------------- | ০৬ |
| ৭। | তালিকাভুক্তি ফিস, নবায়ন ফিস ও বার্ষিক ফিস ------------------------------------------- | ০৬ |
| ৮। | স্থানীয়ভাবে টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট যন্ত্রপাতি Semi Knocked Down (SKD) পদ্ধতিতে সংযোজন এবং Completely Knocked Down (CKD) পদ্ধতিতে উৎপাদন ------------ | ০৭ |
| ৯। | ইলেকট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা ---------------------------------------------- | ০৮ |
| ১০। | সার্ভিস সেন্টার, কালেকশন পয়েন্ট ও তথ্য প্রদান ------------------------------------------ | ০৮ |
| ১১। | যন্ত্রাংশ আমদানি অনাপত্তি পত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় দলিলাদি --------------------- | ০৯ |
| ১২। | যন্ত্রাংশ আমদানি অনাপত্তি পত্রের (NOC) শর্তসমূহ --------------------------------------- | ০৯ |
| ১৩। | স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদনযোগ্য পণ্যের তালিকা ------------------------------------ | ০৯ |
| ১৪। | পরিশিষ্ট-১ (তালিকাভুক্তি ও নবায়নের তথ্যাবলী এবং দলিলাদি) ---------------------------- | ১০ |
| ১৫। | পরিশিষ্ট-২ (টেষ্টিং ল্যাবের বিবরণ) ---------------------------------------------------- | ১১ |
| ১৬। | পরিশিষ্ট-৩ (অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের তথ্যাবলী এবং দলিলাদি) ------------------ | ১৪ |
| ১৭। | পরিশিষ্ট-৪ (অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী) ------------------ | ১৬ |


07 NOV 2021

প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

১। ভূমিকা

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) ও আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ অনুযায়ী যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে আবশ্যিকভাবে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করতে হয়। বেতার যন্ত্রপাতি আমদানি ও বাজারজাত করণের জন্য অত্র কমিশন হতে Radio Equipment Importer and Vendor Enlistment সনদ প্রদান করা হয়। বর্তমানে টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট ব্যবহার্য পণ্য, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দেশীয় বাজার চাহিদা মিটানোর জন্য আমদানি করা হলেও অনেক প্রতিষ্ঠান ইতিমধ্যে বেতারযন্ত্র স্থানীয়ভাবে সংযোজন, উৎপাদন ও রপ্তানি করার জন্য উদ্যোগ গ্রহণ করেছে। ইতিমধ্যেই স্থানীয়ভাবে মোবাইলফোন হ্যান্ডসেট উৎপাদনের জন্য কমিশন হতে বিভিন্ন কোম্পানিকে তালিকাভুক্তি সনদ প্রদান করা হয়েছে এবং মোবাইলফোন হ্যান্ডসেট স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদনের কার্যক্রম চলমান রয়েছে। দেশের অভ্যন্তরে টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন, উৎপাদনসহ দেশীয় ও আন্তর্জাতিক বাজারে বিপণনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে টেলিযোগাযোগ সেবার মান উন্নত ও সাশ্রয়ী হবে এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। দেশে Industrial-Scientific-Medical (ISM) ব্যান্ডে ব্যবহৃত ডিভাইস, Short Range Device (SRD), Walkie-Talkie ডিভাইসসহ প্রযুক্তি খাতে নতুন নতুন উদ্ভাবন উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি পেয়েছে। এতদ্‌প্রেক্ষিতে 'মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের নির্দেশিকা' প্রণয়ন করা হলো।

২। সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের উদ্দেশ্য

(ক) টেলিযোগাযোগ যন্ত্রপাতি সংযোজন এবং উৎপাদনে দেশি ও বিদেশি বিনিয়োগের সুযোগ সৃষ্টি করা;

(খ) কারিগরি ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দেশে কারিগরি জ্ঞানসম্পন্ন জনবল সৃষ্টি করা এবং এই খাতে সক্ষমতা অর্জন করা;

(গ) আমদানি হ্রাস করার মাধ্যমে দেশের বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা এবং টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট যন্ত্রপাতি রপ্তানি করে বৈদেশিক মুদ্রা আয় করা;

(ঘ) সাশ্রয়ী মূল্যে মানসম্পন্ন টেলিযোগাযোগ যন্ত্রপাতি সরবরাহ নিশ্চিত করা।

৩। কমিশনের এখতিয়ার

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ৫১ ধারা নিম্নরূপঃ

(১) "উপ-ধারা (৪) এর বিধান সাপেক্ষে, কমিশন টেলিযোগাযোগ ব্যবস্থা এবং টেলিযোগাযোগ সেবা প্রদানে ব্যবহার্য যন্ত্রপাতির কারিগরি দিক সম্পর্কে জাতীয়মান (Standard) ও মানদণ্ড (Criteria) নির্ধারণ করিয়া দিতে পারে।"

অর্থাৎ, উপরোক্ত ধারায় টেলিযোগাযোগ ব্যবস্থা ও সেবা প্রদানে ব্যবহৃত যাবতীয় ডিভাইস তথা যন্ত্রপাতির মান ও মানদন্ড নির্ধারনের চূড়ান্ত এখতিয়ার কমিশন বরাবরে অর্পণ করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ধারা ৫২ নিম্নরূপঃ

07 NOV 2021
প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

(১) "প্রান্তিক যন্ত্রপাতির নাম, বিবরণ (Specification), কারিগরি মান ও আনুষঙ্গিক বিষয়াদি নির্ধারণ করিয়া কমিশন সময় সময় নির্দেশিকা প্রণয়ন ও প্রকাশ করিবে।

(২) প্রান্তিক যন্ত্রপাতি উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ এবং উহা টেলিযোগাযোগ ব্যবস্থায় স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ব্যক্তি উক্ত নির্দেশিকা অনুসরণ করিবেন।"

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ধারা ৫৭ অনুযায়ী Radio Equipment Importer and Vendor তালিকাভুক্তি সনদ ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট যন্ত্রপাতি কোন ব্যক্তি ব্যবহার, বিতরণ, পরিবেশন, ইজারা দান, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রস্তাব বা প্রদর্শন করিতে পারিবেন না। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) অনুযায়ী উক্ত সনদ ইস্যূকরণ, নবায়ন, বাতিলকরণ ও স্থগিতকরণের এখতিয়ারও অত্র কমিশনের। আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ (অথবা, ভবিষ্যতে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতি-আদেশ/নির্দেশিকা/নীতিমালা) অনুযায়ী যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি (যেমনঃ ট্রান্সমিটার এবং ট্রান্স-রিসিভার ওয়্যারলেস ইক্যুইপমেন্ট, ওয়াকি-টকি এবং সাউন্ড রেকর্ডার বা রিপ্রডিউসারসহ রেডিও ব্রডকাষ্ট রিসিভার ও অন্যান্য বেতারযন্ত্র) আমদানির ক্ষেত্রে আবশ্যিকভাবে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করতে হয়। উপরোক্ত বিষয়াদি বিবেচনায় নিয়ে আমদানির জন্য প্রচলিত 'স্থানীয়ভাবে মোবাইলফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের কারখানা স্থাপনের নির্দেশিকা' এর ন্যায় 'মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন' এর নির্দেশিকার আলোকে কমিশন কর্তৃক এতদ্সংক্রান্ত তালিকাভুক্তি সনদ প্রদান করা যাবে।

## ৪। তালিকাভুক্তি সনদের ধরন

৪.১ মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন এবং দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাজারজাতকরণের জন্য ০২ (দুই) প্রকারের তালিকাভুক্তি সনদ প্রদান করা হবেঃ

(ক) তালিকাভুক্তি সনদ- ক্যাটাগরী 'এ'

(খ) তালিকাভুক্তি সনদ- ক্যাটাগরী 'বি'

৪.১.১ **তালিকাভুক্তি সনদ- ক্যাটাগরী 'এ':** মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য বেতার যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন করার পাশাপাশি বাজারজাতকরণ ও রপ্তানিকরণের জন্য লে-আউটের মাধ্যমে নিজস্ব অত্যাধুনিক টেষ্ট যন্ত্রপাতি সমৃদ্ধ টেষ্টিং ল্যাব থাকা বাঞ্চনীয়। প্রতিটি টেষ্টিং ল্যাবে প্রয়োজনমত টেষ্টিং সুবিধাদি সম্পন্ন বিভিন্ন বিভাগ থাকতে হবে। মোবাইলফোন হ্যান্ডসেট উৎপাদন ও সংযোজনকারী কারখানার নিজস্ব টেষ্টিং ল্যাব ব্যবহারের মাধ্যমে মোবাইলফোন হ্যান্ডসেটের ন্যায় অন্যান্য টেলিযোগাযোগ যন্ত্রপাতি উৎপাদনের ক্ষেত্রে তালিকাভুক্তি সনদ গ্রহণ সাপেক্ষে উক্ত টেষ্টিং ল্যাব সমূহ ব্যবহার করা যাবে।

৪.১.২ **তালিকাভুক্তি সনদ- ক্যাটাগরী 'বি':** এ ধরণের প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব টেষ্টিং ল্যাবের প্রয়োজন নেই। প্রস্তুতকৃত যন্ত্রপাতির মান যাচাই করার জন্য কমিশন অনুমোদিত টেষ্টিং ল্যাব সম্পন্ন যে



07 NOV 2021
প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

কোন একটি তালিকাভুক্তি সনদধারী ক্যাটাগরী 'এ' কারখানার সাথে চুক্তিবদ্ধ হতে হবে। যন্ত্রপাতির কারিগরি মান যাচাইয়ের জন্য উৎপাদন বা সংযোজন সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল টেষ্ট চুক্তিবদ্ধ টেষ্টিং ল্যাবের মাধ্যমে সম্পন্ন করতে হবে। নিজস্ব টেষ্টিং ল্যাব স্থাপন করতে সক্ষম হলে এবং প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে তালিকাভুক্তি সনদ ক্যাটাগরী 'বি' হতে ক্যাটাগরী 'এ' তে উন্নীত করার সুযোগ থাকবে।

৪.২ কমিশন কর্তৃক তালিকাভুক্ত সনদধারী কোম্পানি সমূহ প্রয়োজনীয় অনুমতি গ্রহণ সাপেক্ষে তালিকাভুক্তি সনদধারী ক্যাটাগরী 'এ' এবং তালিকাভুক্তি সনদধারী ক্যাটাগরী 'বি' কারখানা সমূহ থেকে Original Design Manufacturer (ODM) পদ্ধতিতে চাহিদা বা স্পেসিফিকেশন অনুযায়ী টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অনুমোদিত যন্ত্রপাতি তৈরি করে নিতে পারবে।

৪.৩ তালিকাভুক্তি সনদধারী ক্যাটাগরী-'এ' কারখানা টেষ্টিং ল্যাবের মাধ্যমে তালিকাভুক্তি সনদধারী ক্যাটাগরী 'বি' কারখানার কার্যাদেশ অনুযায়ী প্রস্তুতকৃত পণ্যের মান নিয়ন্ত্রণের ক্ষেত্রে যৌক্তিক চার্জ, সময়সীমা নির্ধারণ করে সম্পাদিত চুক্তিতে উল্লেখ করবে।

৪.৪ উপ-ধারা ৪.৩ এ বর্ণিত চুক্তির ক্ষেত্রে তালিকাভুক্তি সনদধারী ক্যাটাগরী 'এ' অথবা ক্যাটাগরী 'বি' কারখানাদ্বয়ের চুক্তির অনুলিপি কমিশনে জমা প্রদান করতে হবে। উৎপাদিত প্রতিটি মডেলের একটি পণ্য সংশ্লিষ্ট ল্যাব টেষ্ট করার পর রিপোর্টসহ কমিশনে জমা দিতে হবে। কমিশন কর্তৃক অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে বাজারজাত করা যাবে।

**৫। কারখানা স্থাপনের ক্ষেত্রে তালিকাভুক্তি সনদ গ্রহণ ও নবায়নের জন্য আবেদন প্রক্রিয়া**

৫.১ নতুনভাবে তালিকাভুক্তি সনদ ক্যাটাগরী 'এ' এবং ক্যাটাগরী 'বি' এর আবেদন এবং পরবর্তীতে নবায়নের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী এবং দলিলাদি (পরিশিষ্ট-১) সংযোজন করত: আবেদনপত্র কমিশনের চেয়ারম্যান বরাবর দাখিল করতে হবে। তালিকাভুক্তি সনদ প্রাপ্তির পর সংশ্লিষ্ট কারখানা সমূহ যথা নিয়মে কার্যক্রম শুরু করবে। তালিকাভুক্তি সনদধারী ক্যাটাগরী 'এ' কারখানার টেষ্টিং ল্যাবের মাধ্যমে তালিকাভুক্তি সনদধারী ক্যাটাগরী 'বি' কারখানার উৎপাদিত অথবা সংযোজিত পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সম্পাদিত কার্যক্রমের সকল তথ্য (যেমনঃ আবেদন প্রাপ্তির তারিখ, টেষ্টের নাম, নমুনা যন্ত্রাংশের সংখ্যা, টেষ্ট সম্পন্ন হওয়ার তারিখ, রিপোর্ট প্রস্তুতির তারিখ, রিপোর্ট প্রদানের তারিখ, ইত্যাদি) রেজিষ্টারের মাধ্যমে (হার্ডকপি ও সফটকপি) সংরক্ষণ করতে হবে। এতদ্সংক্রান্ত ব্যাপারে কোন আপত্তি কমিশনের নিকট উত্থাপিত হলে কমিশন উক্ত রেজিষ্টারে সংরক্ষিত তথ্যের ভিত্তিতে ন্যায্যতার মাধ্যমে সকলের অধিকার সংরক্ষণ করবে।

07 NOV 2021

প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

### ৫.২ তালিকাভুক্তি সনদ- ক্যাটাগরী 'এ' প্রদানের ধাপ

৫.২.১ **প্রথম ধাপঃ** টেষ্টিং ল্যাবের বিবরণ (পরিশিষ্ট-২) মোতাবেক টেষ্টিং ল্যাব স্থাপনের অঙ্গীকার প্রদানের পর আবেদনকৃত প্রতিষ্ঠানকে নির্দেশিকার সংশ্লিষ্ট শর্ত পূরণ সাপেক্ষে সাময়িক (Provisional) তালিকাভুক্তি সনদ প্রদান করা হবে। সাময়িক (Provisional) তালিকাভুক্তি সনদ প্রাপ্তি সাপেক্ষে শুধুমাত্র পরীক্ষামূলকভাবে (Test and Trial) উৎপাদন/সংযোজন কার্যক্রম শুরু করা যাবে।

৫.২.২ **দ্বিতীয় ধাপঃ** আন্তর্জাতিক পর্যায়ের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে মিল রেখে মানসম্মত টেষ্টিং ল্যাব স্থাপন সম্পন্ন করে কমিশনকে অবহিত করতে হবে। কারখানা স্থাপনা সরেজমিনে পরিদর্শনের জন্য কমিশন হতে পরিদর্শক দল প্রেরণ করা হবে। পরিদর্শক দলের সন্তোষজনক প্রতিবেদন, কমিশনের অনুমোদন এবং কমিশন কর্তৃক ধার্যকৃত সকল প্রকার চার্জ/ফিস প্রদান সাপেক্ষে তালিকাভুক্তি সনদ ক্যাটাগরী 'এ' প্রদান করা হবে।

### ৫.৩ তালিকাভুক্তি সনদ- ক্যাটাগরী 'বি' প্রদান করার প্রক্রিয়া

৫.৩.১ তালিকাভুক্তি ও নবায়নের আবেদন সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাবলী এবং দলিলাদি (পরিশিষ্ট-১) সংযুক্ত করে আবেদনকারী কমিশনে আবেদন করবেন। আবেদনপত্রে সংযুক্ত তথ্যাবলী এবং দলিলাদি যথাযথ প্রক্রিয়ায় যাচাই বাছাই করত: সঠিকতা নিরূপণ সাপেক্ষে কারখানা স্থাপনা সরেজমিনে পরিদর্শনের জন্য কমিশন হতে পরিদর্শক দল প্রেরণ করা হবে। পরিদর্শক দলের সন্তোষজনক প্রতিবেদন, কমিশনের অনুমোদন এবং কমিশন কর্তৃক ধার্যকৃত সকল প্রকার চার্জ/ফিস প্রদান সাপেক্ষে তালিকাভুক্তি সনদ ক্যাটাগরী 'বি' প্রদান করা হবে।

### ৬। তালিকাভুক্তি সনদের মেয়াদকাল ও নবায়ন

'মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন' সনদ ১০ (দশ) বছর মেয়াদের জন্য প্রদান করা হবে এবং প্রতি ১০ (দশ) বছর অন্তর অন্তর উক্ত সনদ নবায়ন করতে হবে। মেয়াদ পূর্তি হওয়ার ০৪ (চার) মাস পূর্বে হালনাগাদকৃত সকল দলিলাদিসহ তালিকাভুক্তি সনদ ক্যাটাগরী 'এ' ও ক্যাটাগরী 'বি' এর জন্য আবেদন সংশ্লিষ্টতা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাবলী এবং দলিলাদি (পরিশিষ্ট-১) সংযুক্ত করে নবায়নের জন্য আবেদন করতে হবে।

### ৭। তালিকাভুক্তি ফিস, নবায়ন ফিস ও বার্ষিক ফিস

ফিস সমূহ ভ্যাট এবং ট্যাক্স ব্যতীত ধার্য করা হয়েছে বিধায় প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট এবং ট্যাক্স প্রযোজ্য হবে। নবায়ন ও বার্ষিক ফিসের ক্ষেত্রে নির্ধারিত সময়ের কমপক্ষে ০৪ (চার) মাস পূর্বে ডিমান্ডনোট চেয়ে কমিশনের নিকট আবেদন দাখিল করতে হবে।

07 NOV 2021

প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

| ক্রমিক নং | বিষয়বস্তু | তালিকাভুক্তি সনদ- ক্যাটাগরী 'এ' | তালিকাভুক্তি সনদ- ক্যাটাগরী 'বি' |
|---|---|---|---|
| ১। | **তালিকাভুক্তি ফিস** (এক কালীন- ১০ (দশ) বছরের জন্য। প্রথম ৫ (পাঁচ) বছরের বার্ষিক ফিস সহ) | ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা |
| ২। | **বার্ষিক ফিস** (তালিকাভুক্তির ৫ (পাঁচ) বছর পর হতে কার্যকর হবে) | প্রথম ৫ (পাঁচ) বছর বার্ষিক ফিস প্রযোজ্য হবে না; তৎপরবর্তী প্রত্যেক বছরের জন্য বার্ষিক ফিস ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে প্রযোজ্য হবে। | |
| ৩। | **নবায়ন ফিস** (প্রতি ১০ (দশ) বছর পরপর, প্রথম ২ (দুই) বছরের বার্ষিক ফিস সহ) | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা | ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা |
| ৪। | **নবায়ন পরবর্তী বার্ষিক ফিস** (নবায়নের ২ (দুই) বছর পর হতে কার্যকর হবে) | নবায়নের প্রথম ২ (দুই) বছর বার্ষিক ফিস প্রযোজ্য হবে না; তৎপরবর্তী প্রত্যেক বছরের জন্য বার্ষিক ফিস ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে প্রযোজ্য হবে। | |
| ৫। | বার্ষিক ফিস প্রতি বছরের ৩১ মার্চের মধ্যে প্রদান করতে হবে। বিলম্বে প্রদান করলে ১৫% হারে চক্রবৃদ্ধি আকারে বিলম্ব ফিস প্রযোজ্য হবে। বার্ষিক ফিস ০১ (এক) বছর প্রদান না করলে তালিকাভুক্তি সনদ বাতিল বলে গণ্য হবে। কমিশন কর্তৃক ভবিষ্যতে সকল প্রকারের ফিস প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করে ধার্য করা যাবে। | | |
| ৬। | বিষয়বস্তু ১ থেকে ৪-এ বর্ণিত ফিসসমূহ ব্যতীত প্রযোজ্যক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিবিধান অনুযায়ী ভ্যাট ও ট্যাক্সসহ কমিশন কর্তৃক অন্যান্য ফিস এবং চার্জ কার্যকর হবে। | | |

**৮। স্থানীয়ভাবে টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট যন্ত্রপাতি Semi Knocked Down (SKD) পদ্ধতিতে সংযোজন এবং Completely Knocked Down (CKD) পদ্ধতিতে উৎপাদন**

বেতার যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদনের প্রচলিত ও বৈশ্বিকভাবে স্বীকৃত দু'টো পদ্ধতিই দেশীয় প্রেক্ষাপট অনুযায়ী অনুসরণ করা হবে। পদ্ধতিদ্বয় নিম্নরূপঃ

(ক) Completely Knocked Down (CKD) পদ্ধতি

(খ) Semi Knocked Down (SKD) পদ্ধতি

Knocked Down হচ্ছে অনেকগুলো সরঞ্জাম ব্যবহারের মাধ্যমে কোন যন্ত্র অথবা, পণ্য কে আংশিক বা সম্পূর্ণরূপে সংযোজন করার পদ্ধতি। সাধারণত যন্ত্রাংশসমূহ একটি দেশে বা অঞ্চলে উৎপাদন করা হয় এবং পরবর্তীতে অন্য দেশে বা অঞ্চলে চূড়ান্তভাবে সংযোজনের জন্য রপ্তানি করা হয়। এটিকে বিভিন্ন নামে আখ্যায়িত করা হয়, যেমন- Knocked Down kit অথবা, Knocked Down এবং সংক্ষেপে KD বলা হয়।



07 NOV 2021
প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

৮.১ **Completely Knocked Down (CKD) পদ্ধতি**

Knocked Down এর একটি প্রচলিত ধরণ হচ্ছে Completely Knocked Down (CKD); এই পদ্ধতিতে সংশ্লিষ্ট সকল ধরণের সরঞ্জাম ব্যবহারের মাধ্যমে একটি পণ্য সংযোজন করা হয়ে থাকে। মার্কেটে যন্ত্রাংশ সরবরাহের জন্য বিশেষত বিদেশে যন্ত্রাংশ সরবরাহের ক্ষেত্রে, গণনা পদ্ধতিতে, অথবা আর্থিক মূল্যমান নির্ধারণের ক্ষেত্রে CKD একটি বহুল প্রচলিত পদ্ধতি। স্বয়ংক্রিয়ভাবে চালিত যানবাহন, বাস, ভারী ট্রাক, রেলগাড়ীর শিল্প-কারখানা এবং ইলেকট্রনিক্সে CKD একটি সর্বজন স্বীকৃত পদ্ধতি।

৮.২ **Semi Knocked Down (SKD) পদ্ধতি**

যে পদ্ধতিতে কোন পণ্যের অংশ-বিশেষ আলাদা আলাদা করে রপ্তানি বা আমদানি করার পর আংশিকভাবে একত্রিত করা হয় এবং পরবর্তীতে গ্রাহকের কাছে বিক্রয়ের জন্য সম্পূর্ণরূপে সংযোজন করা হয়, এরূপ পদ্ধতিকে Semi Knocked Down (SKD) বলা হয়। একটি অসম্পূর্ণ ও সংযোজনবিহীন সরঞ্জাম মূলত SKD অথবা, Semi Knocked Down হিসেবে পরিচিত।

## ৯। ইলেকট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা

মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা সনদ প্রাপ্তির পর উৎপাদিত সকল ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য কোম্পানি কর্তৃক নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে:

৯.১ কারখানার ই-বর্জ্য সংগ্রহ স্থান (Collection Point) স্থাপন করতে হবে।

৯.২ ই-বর্জ্য পরিবেশ অধিদপ্তরের নির্দেশনা, গাইডলাইন, প্রচলিত আইন ও বিধি অনুযায়ী রিসাইক্লিং অথবা ধ্বংস করার পূর্ব পর্যন্ত নিজস্ব কারখানায় পরিবেশসম্মত উপায়ে সংরক্ষণ করতে হবে।

৯.৩ সংরক্ষিত ই-বর্জ্য অথবা বেশি পরিমাণ ই-বর্জ্য জমা হলে অথবা বছরে ন্যূনতম একবার পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট বিষয়ে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে রিসাইক্লিং অথবা ধ্বংস করার জন্য কমিশনে আবেদন করতে হবে।

৯.৪ কোম্পানি কর্তৃক আবেদনের প্রেক্ষিতে কমিশন বিদ্যমান প্রক্রিয়া অনুসরণ করে ই-বর্জ্য রিসাইক্লিং অথবা ধ্বংস করার অনুমতি প্রদান করবে।

৯.৫ সৃষ্ট ই-বর্জ্যের পরিমাণ, রিসাইক্লিং অথবা ধ্বংস এর যাবতীয় তথ্য রেজিষ্টারে লিপিবদ্ধ রাখতে হবে এবং প্রতি ০৬ (ছয়) মাস পর পর (জানুয়ারী এবং জুলাই) কমিশনকে অবহিত করতে হবে।

৯.৬ কমিশনের নির্দেশনা অনুযায়ী দেশের বিভিন্ন স্থানে একাধিক বুথ/সার্ভিস সেন্টারের মাধ্যমে জনসাধারণের ই-বর্জ্য রাখার ব্যবস্থা করতে হবে। চূড়ান্তভাবে উৎপাদনে যাওয়ার ৬-১২ মাসের মধ্যে তা বাস্তবায়ন করে কমিশনকে অবহিত করতে হবে।

## ১০। সার্ভিস সেন্টার, কালেকশন পয়েন্ট ও তথ্য প্রদান

১০.১ প্রান্তিক পর্যায়ের ব্যবহারকারীদের বিক্রয়োত্তর সেবার মান নিশ্চিত করতে ঢাকায় ন্যূনতম ০২ (দুই) টি, অন্যান্য সকল বিভাগীয় জেলা শহরে ০১ (এক) টি করে সার্ভিস সেন্টার স্থাপন করতে হবে। গ্রাহকের



07 NOV 2021
প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

চাহিদা বিবেচনা করে প্রয়োজনীয় সংখ্যক কালেকশন পয়েন্ট স্থাপন করতে হবে যাতে করে কোনভাবেই গ্রাহক সেবা বিঘ্নিত না হয়।

১০.২ কমিশনের চাহিদা অনুযায়ী তাৎক্ষনিক তথ্য প্রদান করাসহ কমিশনে ত্রৈমাসিক ভিত্তিতে তালিকাভুক্ত সনদধারী কোম্পানীর উৎপাদন, বিক্রয় ও বিক্রয়োত্তর সেবা সংক্রান্ত তথ্যাদি প্রদান করতে হবে। একইসাথে কমিশনের চাহিদার প্রেক্ষিতে সনদধারীর বার্ষিক অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

## ১১। যন্ত্রাংশ আমদানি অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী ও দলিলাদি

SKD এবং CKD উভয় পদ্ধতিতে সংশ্লিষ্ট যন্ত্রপাতি আমদানির জন্য আবেদনকারী কোম্পানি কর্তৃক অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী এবং দলিলাদি (পরিশিষ্ট-৩) সংযুক্ত করে অত্র কমিশনে আবেদন করতে হবে।

## ১২। যন্ত্রাংশ আমদানি অনাপত্তি পত্রের (NOC) শর্তসমূহ

আমদানি অনাপত্তি পত্রের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী এবং দলিলাদি (পরিশিষ্ট-৩) সংযুক্ত করে কমিশনের নিকট আবেদন করতে হবে। দাখিলকৃত তথ্যাদি পর্যালোচনা করতঃ কমিশন হতে আমদানি অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়া করা হবে। কমিশন হতে আমদানি অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী (পরিশিষ্ট-৪) যুক্ত করা হবে।

## ১৩। স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদনযোগ্য পণ্যের তালিকা

এই নির্দেশিকার আওতায় কেবলমাত্র মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত কমিশনের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে বাজারজাতকরণ ও রপ্তানিকরণের উদ্দেশ্যে নিম্ন বর্ণিত সকল প্রকার টেলিযোগাযোগ পণ্য স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন করা যাবেঃ

(ক) টেলিযোগাযোগ সেবার ক্ষেত্রে প্রযোজ্য ট্রান্সমিশন এবং রিসিপশন সংক্রান্ত সকল ধরনের এন্টেনা।

(খ) ওয়াকি-টকি সেট, রিপিটার, বুষ্টার।

(গ) সুইচ, রাউটার, ফায়ারওয়াল, মাল্টিপ্লেক্সার, ONT (Optical Network Termination)/ONU (Optical Network Unit), Splicer, Patch Panel, Set-Top Box, নেটওয়ার্কিং যন্ত্রপাতি ইত্যাদি।

(ঘ) টেলিকম ডিভাইস সংক্রান্ত ব্যাটারি, চার্জার, হেডফোন, ব্লুটুথ ডিভাইস ও ব্যবহার্য গেজেট ইত্যাদি।

(ঙ) মেরিটাইম/টেরিষ্ট্রিয়াল/স্পেস কমিউনিকেশন এর ক্ষেত্রে প্রযোজ্য টেলিযোগাযোগ সংশ্লিষ্ট ডিভাইস।

(চ) টেলিকম নেটওয়ার্কের সাথে সংশ্লিষ্ট অ্যাপস্ ভিত্তিক ডিভাইস।

(ছ) SIM Card, PCI (Peripheral Component Interconnect) Card/Board, ইত্যাদি, যা টেলিকম যন্ত্রাংশ বা Accessories হিসেবে ব্যবহৃত হয়।

(জ) সময় সময় কমিশন কর্তৃক নির্ধারিত অন্যান্য টেলিযোগাযোগ যন্ত্রপাতি।

07 NOV 2021
প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

পরিশিষ্ট-১

## তালিকাভুক্তি এবং নবায়নের তথ্যাবলী এবং দলিলাদি

তালিকাভুক্তি সনদ এবং নবায়নের জন্য প্রযোজ্যতা অনুসারে আবেদন পত্রের সাথে সংশ্লিষ্ট নিম্নবর্ণিত তথ্যাবলী ও দলিলাদি জমা দিতে হবে:

১. হালনাগাদ ট্রেড লাইসেন্স এর অনুলিপি (সত্যায়িত)।

২. হালনাগাদ আমদানি নিবন্ধন সনদপত্রের অনুলিপি (সত্যায়িত)।

৩. আয়কর রিটার্ণ দাখিলের রশিদ/সনদ বা ব্যাখ্যা প্রদান (সত্যায়িত)।

৪. মূল্য সংযোজন কর সনদপত্রের অনুলিপি (সত্যায়িত)।

৫. Bank Solvency Certificate এর অনুলিপি (সত্যায়িত)।

৬. লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মেমোরেন্ডাম অব এসোসিয়েশন ও আর্টিকেল অব এসোসিয়েশন এর অনুলিপি (সত্যায়িত)। অথবা,

ব্যক্তি মালিকানার ক্ষেত্রে প্রোপ্রাইটারশীপ সার্টিফিকেট (অর্থাৎ, নোটারি পাবলিক কর্তৃক সত্যায়িত ৩০০/- টাকার ষ্ট্যাম্পে হলফনামা এর মূলকপি)।

৭. লিমিটেড কোম্পানি অথবা, পার্টনারশীপ উভয় ক্ষেত্রেই Registrar of Joint Stock Companies & Firms (RJSC), Bangladesh হতে রেজিষ্ট্রিকৃত সনদ এর অনুলিপি(সত্যায়িত)।

৮. ট্রেড লাইসেন্সধারীর সত্যায়িত ছবি।

৯. ট্রেড লাইসেন্সধারীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।

১০. কর্মরত ন্যূনতম ০৫ (পাঁচ) জন কারিগরি জনবলের জীবন বৃত্তান্ত ও নিয়োগ পত্রের অনুলিপি।

১১. প্রযোজ্য ক্ষেত্রে Bangladesh Investment Development Authority (BIDA)'র ছাড়পত্র (সত্যায়িত)।

১২. হালনাগাদ ইন্ডাষ্ট্রিয়াল আমদানি নিবন্ধন সনদপত্রের অনুলিপি (সত্যায়িত)।

১৩. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র (সত্যায়িত)।

১৪. প্রযোজ্য ক্ষেত্রে হালনাগাদ রপ্তানি নিবন্ধন সনদপত্রের অনুলিপি (সত্যায়িত)।

১৫. মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীনে উৎপাদনকারী বা সংযোজনকারী হিসাবে নিবন্ধনের অনুলিপি (সত্যায়িত)।

১৬. প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা পরিদর্শন অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

১৭. প্রযোজ্য ক্ষেত্রে উৎপাদিত পণ্যের জন্য Bangladesh Standards & Testing Institution (BSTI) এর অনুমোদন গ্রহণ করতে হবে।

07 NOV 2021

প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

**পরিশিষ্ট-২**

টেষ্টিং ল্যাবের বিবরণ

ল্যাবের আয়তন এবং কক্ষের সংখ্যা পণ্যের উৎপাদন ও সংযোজন সংখ্যার সাথে সঙ্গতি রেখে নির্ধারণ ও স্থাপন করতে হবে। প্রতিটি টেষ্টিং ল্যাবে প্রয়োজনমত টেষ্টিং সুবিধাদি সম্পন্ন বিভাগ থাকবে যাতে করে উন্নত মানের ডিভাইস উৎপাদন করা সম্ভব হয়। কারিগরি মান ও বৈশিষ্ট্য সঠিকভাবে বজায় রাখার জন্য প্রযোজ্যতা অনুসারে ন্যূনতম যে সকল টেষ্টিং সুবিধা/টেষ্টকরণ যন্ত্রপাতি সমৃদ্ধ নিজস্ব টেষ্টিং ল্যাব থাকতে হবে তা নিম্নরূপঃ

**১. টেষ্টিং ল্যাবের লে-আউট**

আন্তর্জাতিক মানের উৎপাদন নিশ্চিত করতে প্রয়োজনমত টেষ্টিং সুবিধাদি সম্পন্ন অনেকগুলি বিভাগ থাকতে হবে। টেস্টিং ল্যাবে গবেষণা ও উন্নয়ন (Research and Development) সুবিধাসহ অন্যান্য বিভাগসমূহের সুষ্ঠু কর্ম পরিবেশ নিশ্চিত করতে টেষ্টিং ল্যাবের ন্যূনতম আয়তন ৩,০০০(তিন হাজার) বর্গফুট হতে হবে।

**২. টেষ্টিং ল্যাবের বিভাগসমূহ**

২.১ পরিচ্ছন্ন করণ কক্ষ

২.২ নির্ভরযোগ্যতা যাচাইকরন বিভাগ

২.৩ ব্যাটারি টেষ্ট বিভাগ

২.৪ যন্ত্রাংশ টেষ্ট বিভাগ

২.৫ আরএফ, অডিও এবং অপটিক্যাল টেষ্ট বিভাগ

২.৬ গবেষণা ও উন্নয়ন বিভাগ

২.৭ যন্ত্রাংশ সংরক্ষণ কক্ষ

২.৮ পূর্ণাঙ্গ পণ্য এবং চূড়ান্ত মান নিয়ন্ত্রণ বিভাগ

**৩. টেষ্টিং ল্যাবটি নিম্নবর্ণিত সুবিধা সমৃদ্ধ হতে হবে**

৩.১ সম্পূর্ণ ল্যাবে ইলেক্ট্রো স্ট্যাটিক ডিসচার্জ প্রতিরোধ ব্যবস্থা থাকতে হবে।

৩.২ ল্যাবটি শীতাতপ নিয়ন্ত্রিত হতে হবে এবং তাপমাত্রা ২২-২৭ ডিগ্রী সেলসিয়াস এর মধ্যে থাকতে হবে।

৩.৩ আদ্রতা সীমা ৪০-৯০% হতে হবে।

৩.৪ টেষ্টিং ল্যাবে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা থাকতে হবে।

৩.৫ নির্ভরযোগ্যতা পরীক্ষণ ল্যাবের জন্য বায়ু চাপ সমৃদ্ধ মেশিনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৩.৬ সম্পূর্ণ ল্যাব ধূলিকণা মুক্ত হতে হবে।

৩.৭ টেষ্টিং ইক্যুইপমেন্টের বৈশিষ্ট্য, আকার ও সংখ্যার উপর ভিত্তি করে টেষ্টিং ল্যাবের লে-আউট প্রস্তুত করতে হবে।

17 NOV 2021 ১১

প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

৩.৮ টেষ্টিং ইক্যুইপমেন্টের ন্যূনতম চাহিদা কমিশন কর্তৃক নির্ধারণ করা হয়েছে। প্রয়োজনীয়তা বিবেচনায় যে কোন সংখ্যক টেষ্টিং ইক্যুইপমেন্ট সংযোজন ও বিয়োজন করার এখতিয়ার কমিশন সংরক্ষণ করে।

**৪. টেষ্টিং ল্যাবটি সংযোজিত/উৎপাদিত যন্ত্রপাতির প্রযোজ্যতা অনুসারে নিম্নবর্ণিত টেষ্টসমূহ পরিচালনার সুবিধাদি/টেষ্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ হতে হবে**

**৪.১ রেডিও ফ্রিকোয়েন্সি, অডিও এবং অপ্টিক্যাল ল্যাব**

৪.১.১ রেডিও ফ্রিকোয়েন্সি টেষ্টার
৪.১.২ ফ্রিকোয়েন্সি সুইপার
৪.১.৩ রেডিও ফ্রিকোয়েন্সি সেন্সর টেষ্টার
৪.১.৪ শিল্ড বক্স
৪.১.৫ এসপিএল মিটার (Sound pressure level meter)
৪.১.৬ ডিবি মিটার
৪.১.৭ উজ্জ্বলতা/লুমিনেন্স টেষ্টার

**৪.২ পিসিবি ফেব্রিকেশন/টেষ্ট ল্যাব**

৪.২.১ স্ট্যান্ডার্ড পিসিবি টেষ্টার
৪.২.২ হাই-ফ্রিকোয়েন্সি পিসিবি টেষ্টার
৪.২.৩ এ্যালুমিনিয়াম পিসিবি টেষ্টার
৪.২.৪ এলইডি পিসিবি টেষ্টার
৪.২.৫ এইচডিআই পিসিবি টেষ্টার
৪.২.৬ মোটা তামার পিসিবি টেষ্টার

**৪.৩ নির্ভরযোগ্যতা টেষ্ট ল্যাব**

৪.৩.১ সল্ট স্প্রে টেষ্টার
৪.৩.২ ইন সার্কিট টেষ্টিং মেশিন
৪.৩.৩ অটোমেটিক ট্রান্সফর্মার টেষ্টিং মেশিন
৪.৩.৪ প্লাগ এন্ড পুল টেষ্টিং মেশিন
৪.৩.৫ ইনফ্রারেড বল ড্রপ টেষ্টিং মেশিন
৪.৩.৬ লেজার প্রিন্টিং মেশিন
৪.৩.৭ মাইক্রো-ড্রপ টেষ্টার
৪.৩.৮ ইএসডি টেষ্টার
৪.৩.৯ স্টিল বল ড্রপ টেষ্ট
৪.৩.১০ আদ্রতা/তাপমাত্রা টেষ্টার

07 NOV 2021
প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

৪.৩.১১ ডিভাইস বেন্ডিং টেষ্টার

৪.৩.১২ ওয়্যার বেন্ডিং টেষ্টার

### ৪.৪ ব্যাটারি টেষ্ট ল্যাব

৪.৪.১ ব্যাটারি এনালাইজার

৪.৪.২ ব্যাটারির লাইফ সাইকেল এনালাইজার

৪.৪.৩ এনটিসি (Negative Temparature Co-efficient) চেকার

৪.৪.৪ ব্যাটারি সেল টেষ্টার

### ৪.৫ যন্ত্রাংশ টেষ্ট ল্যাব

৪.৫.১ হাই-পট টেষ্টার

৪.৫.২ ডিসি ইলেকট্রনিক লোড

৪.৫.৩ এসি পাওয়ার রেগুলেটর

৪.৫.৪ অসিলোস্কোপ

৪.৫.৫ থার্মাল ইমেজার

৪.৫.৬ প্রিসিশন পাওয়ার সাপ্লাই

এছাড়াও, সময়ের বিবর্তন ও প্রযুক্তিগত পরিবর্তনের সাথে সামঞ্জস্যরেখে দেশীয় বাজার ও আন্তর্জাতিক বাজার উভয় ক্ষেত্রেই সংযোজিত ও উৎপাদিত পণ্যের গুণগতমান বজায় রাখা ও দেশের সুনাম অক্ষুন্ন রাখার লক্ষ্যে কারখানায় নূতন নূতন প্রযুক্তি সম্পন্ন আন্তর্জাতিক মানের টেষ্টিং ল্যাব ইক্যুইপমেন্ট (যেমনঃ RF Anechoic Chamber, Acoustic Anechoic Chamber, etc.) সংযোজন করা বাঞ্চনীয়।

07 NOV 2021

প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

পরিশিষ্ট-৩

## অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের তথ্যাবলী এবং দলিলাদি

SKD এবং CKD উভয় পদ্ধতিতে স্থানীয়ভাবে টেলিযোগাযোগ যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানির অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের ক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে নিম্নবর্ণিত তথ্যাবলী এবং দলিলাদি জমা দিতে হবে:

১. উৎপাদনকারীকে খুচরা যন্ত্রাংশ আমদানি করার সময় বিটিআরসি হতে "মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপন" সংক্রান্ত তালিকাভুক্তি সনদধারী হতে হবে এবং হালনাগাদ/নবায়নকৃত থাকতে হবে।

২. সকল আবেদন চেয়ারম্যান, বিটিআরসি বরাবর দাখিল করতে হবে।

৩. (ক) আবেদনকৃত যন্ত্রাংশের মডেল নিরুপণপূর্বক PCB/PCBA (Printed Circuit Board Assmbly) এর Sample দেখাতে হবে।

(খ) PCB/PCBA নাই এমন যন্ত্রাংশের ক্ষেত্রে মডেলটির নাম, স্পেসিফিকেশন, বিস্তারিত উল্লেখ করত: একটি পরিপূর্ণ স্যাম্পল জমা দিতে হবে।

৪. Proforma Invoice (মূল্যসহ এবং মূল্যবিহীন) উভয়ভাবেই প্রোপ্রাইটার/অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক/সিইও/কোম্পানির উপযুক্ত প্রতিনিধি কর্তৃক সত্যায়ন করে জমা দিতে হবে।

৫. আমদানিতব্য যন্ত্রাংশ যে মডেলের বিপরীতে আমদানি করা হচ্ছে Proforma Invoice-এ তা উল্লেখ থাকতে হবে।

৬. যদি উৎপাদনকারীর পণ্যটি অন্য কোন কোম্পানি ব্যবহারের নিমিত্তে Original Equipment Manufacturer (OEM) করতে চান তবে উক্ত কোম্পানি এই পণ্যটি ব্যবহারের অনুমতি গ্রহণ করতে হবে।

৭. সম্ভাব্য প্রত্যেক মডেলের Brochure/Technical Specification প্রোপ্রাইটার/অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক/সিইও/কোম্পানির উপযুক্ত প্রতিনিধি কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

৮. আবেদনের সাথে পূরণকৃত নির্ধারিত আবেদন ফরম হার্ডকপি, সফট্কপি এবং সিডিতে (এক্সেল ফরমেটে) জমা দিতে হবে।

৯. আমদানিকৃত যন্ত্রাংশের কোন প্রকার অপব্যবহার করা যাবে না। যথাযথ রেজিষ্টার সংরক্ষণ এবং একই ব্র্যান্ডের একই মডেলের ডিভাইস একইসাথে আমদানি ও স্থানীয়ভাবে উৎপাদন করা হবে না মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১০. নিজস্ব টেষ্টিং ল্যাবটি প্রয়োজনীয় আন্তর্জাতিক স্বীকৃতি না পাওয়া পর্যন্ত PCB/PCBA, Display, Adapter/Charger, Battery আমদানির ক্ষেত্রে কারিগরি মান নিশ্চিতকরণে আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন একটি টেষ্টিং ল্যাব হতে নিম্নোক্ত অনুচ্ছেদ ১২ তে বর্ণিত ছক সংশ্লিষ্ট মান নিয়ন্ত্রণের Certificate/Test Report প্রদান করতে হবে অথবা, দেশীয় কোন ক্যাটাগরী-'এ' উৎপাদনকারীর টেষ্ট ল্যাবে মান নিয়ন্ত্রণের সনদ জমা দিতে হবে।

07 NOV 2021 ১৪

প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

১১. নিজস্ব টেষ্টিং ল্যাবটি প্রয়োজনীয় আন্তর্জাতিক স্বীকৃতি না পাওয়া পর্যন্ত স্থানীয় কারখানায় উৎপাদিত বা সংযোজিত সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে কারিগরি মান নিজস্ব টেষ্টিং ল্যাবে যাচাই পূর্বক আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন একটি টেষ্টিং ল্যাব হতে নিম্নোক্ত উপ-অনুচ্ছেদ ১২.১-১২.৮ এ বর্ণিত সংশ্লিষ্ট মান নিয়ন্ত্রণের সনদ প্রদান করতে হবে।

১২. নতুন ব্র্যান্ডের/মডেলের ক্ষেত্রে প্রযোজ্যতা অনুযায়ী প্রোপ্রাইটার/এমডি/সিইও/কোম্পানির উপযুক্ত প্রতিনিধি কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত তথ্যাবলী জমা দিতে হবে:

| SL No | Detail | Display | PCB/PCBA | Battery | Others |
|---|---|---|---|---|---|
| 1. | Manufacturing Certificate | ✓ | ✓ | ✓ | ✓ |
| 2. | Quality Assurance Certificate | ✓ | ✓ | ✓ | ✓ |
| 3. | Agreement with Supplier | ✓ | ✓ | ✓ | ✓ |
| 4. | Specific Absorption Rate (SAR) | X | ✓ | X | X |
| 5. | Test Report | ✓ | ✓ | ✓ | X |
| 6. | Warranty Card | ✓ | ✓ | ✓ | ✓ |

আবেদনকৃত পণ্যে উপরোক্ত টেবিলে বর্ণিত যন্ত্রাংশের সনদের বর্ণনা দেওয়া হলো। টিক চিহ্ন (✓) এর ডকুমেন্টসমূহ জমা দিতে হবে এবং ক্রস চিহ্ন (X) এর ডকুমেন্টসমূহ জমা দিতে হবে না।

১২.১ PCB উৎপাদনকারীর সনদ (নিজস্ব ভাষায় এবং ইংরেজীতে অনুদিত)।

১২.২ গুণগত মান নিশ্চায়ন সনদ (ভেরিফাইড ওয়েবপেইজ সহ)।

১২.৩ PCB/PCBA উৎপাদনকারীর সাথে সম্পন্ন চুক্তির অনুলিপি।

১২.৪ PCB এর ক্ষেত্রে SAR (Specific Absorption Rate) টেষ্ট রিপোর্ট (দেহ এবং মস্তিষ্কের জন্য সর্বোচ্চমান 1.6 W/Kg)

১২.৫ ব্যাটারি টেষ্ট রিপোর্ট (Local & Manufacturer)

১২.৬ ডিসপ্লে টেষ্ট রিপোর্ট

১২.৭ Adapter/Charger টেষ্ট রিপোর্ট

১২.৮ সার্ভিস সেন্টারের যোগাযোগ নম্বর ও ঠিকানা উল্লেখ পূর্বক Warranty Card

১২.৯ কমিশন কর্তৃক চাহিত যে কোন তথ্যাদি/দলিলাদি।

07 NOV 2021



প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূঁইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

**পরিশিষ্ট-৪**

অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী

SKD বা CKD পদ্ধতিতে স্থানীয়ভাবে সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনাপত্তি পত্র (NOC) প্রদান করা হবেঃ

১. কারিগরি বিষয়াদি বিবেচনার্থে এই NOC প্রদান করা হলো। যন্ত্রপাতির মূল্যসহ অন্যান্য আর্থিক বিষয় BTRC সংশ্লিষ্ট নয়।

২. তালিকাভুক্তি সনদের সকল শর্ত অত্র NOC এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩. আমদানি ছাড়পত্রের (NOC) মেয়াদ তালিকাভুক্তি সনদ এর মেয়াদ বা NOC ইস্যুর তারিখ হতে ০৬ মাস পর্যন্ত বা ০৬ মাসের মধ্যে যা কম সে পর্যন্ত বলবৎ বলে গণ্য হবে।

৪. অত্র অনুমতি পত্রের যে কোন পরিবর্তন ও পরিবর্ধন কমিশন করতে পারবে।

৫. আন্তর্জাতিক স্ট্যান্ডার্ডাইজেশন অরগানাইজেশন যেমন- ITU, IEEE, ETSI, 3GPP ইত্যাদি এর স্ট্যান্ডার্ড অনুসরণ করতে হবে।

৬. বিক্রয়ের পূর্বে উৎপাদিত ডিভাইসগুলির International Mobile Equipment Identity (IMEI) নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) কমিশনে জমা দিয়ে বিক্রয়ের অনুমতি নিতে হবে।

৭. উৎপাদিত ডিভাইসের প্রতিটি মডেলের নমুনা বিটিআরসিতে প্রদর্শন করে বিক্রয়ের অনুমতি নিতে হবে। সংযোজিত ও উৎপাদিত পণ্য বাজারজাত কিংবা রপ্তানিকরণের পূর্বে বিটিআরসি'র অনুমোদন নিতে হবে।

৮. বিটিআরসি কর্তৃক টেষ্টিং ল্যাব স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত টেষ্টিং ল্যাব স্থাপিত হলে বিটিআরসি হতে Type Approval Certificate গ্রহণ করতে হবে।

৯. উৎপাদিত ডিভাইস গুলির জন্য কমপক্ষে ০১ (এক) বৎসরের বিক্রয়োত্তর সেবা (Warranty) প্রদান করতে হবে। উৎপাদনকারীর সার্ভিস সেন্টারের ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত Warranty Card প্রত্যেকটি বিক্রয়যোগ্য ডিভাইসের সাথে প্রদান করতে হবে।

১০. কোন নির্দিষ্ট ব্র্যান্ডের একই মডেলের ডিভাইস একইসাথে আমদানি ও স্থানীয়ভাবে উৎপাদন করা যাবে না।

১১. শুধুমাত্র স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানির অনুমতি প্রদান করা হবে। কোন অবস্থাতেই উক্ত যন্ত্রাংশ ব্যবহার করে অনুমোদনহীন অন্য কোন প্রকার যন্ত্রপাতি তৈরি করা যাবে না।

১২. আমদানিতব্য PCB/PCBA ও আনুষঙ্গিক যন্ত্রাংশ দ্বারা কি পরিমান ডিভাইস উৎপাদন করা যাবে সে বিষয়ে তথ্য সম্বলিত ঘোষনাপত্র প্রদান করতে হবে। সংযোজন কালীন যন্ত্রাংশের অবচয় এবং বিক্রয়োত্তর সেবা বিবেচনা করে সংযোজন ও উৎপাদন শুরু করার পর থেকে ০১ বছর পর্যন্ত সর্বোচ্চ ৮% PCB ও আনুষঙ্গিক যন্ত্রাংশ Wastage হিসাবে বিবেচনা করা হবে। তবে পরবর্তী বছর থেকে সর্বোচ্চ ৫% PCB ও আনুষঙ্গিক যন্ত্রাংশ Wastage হিসাবে বিবেচনা করা হবে। আমদানিকৃত যন্ত্রাংশের সঠিক ও যথাযথ তথ্য (হার্ডকপি ও সফ্টকপি) রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে। কমিশনের পরিদর্শক এর চাহিদা অনুযায়ী যে কোন সময়ে উক্ত রেজিষ্টার প্রদর্শন করতে বাধ্য থাকবে।

১৩. দেশে উৎপাদিত প্রত্যেক পণ্যের গায়ে Made in Bangladesh লেখা থাকবে এবং উৎপাদিত পণ্যের আকার আন্তর্জাতিক পণ্যের আকারের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।



07 NOV 2021

প্রকৌঃ মুহাম্মদ জাকারিয়া ভূইয়া
সিনিয়র সহকারী পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট # ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ


স্মারক নং-১৪.৩২.০০০০.৫০১.৫৮.০০০২.২৫.০০০.১২৪ তারিখঃ ০২/০৯/২০২৪

**বিষয়ঃ মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের নির্দেশিকায় অতিরিক্ত শর্ত সংযোজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কমিশন কর্তৃক জারীকৃত "মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের নির্দেশিকা" এর ১৩ নং ধারায় নিম্নোক্ত অতিরিক্ত শর্ত সমূহ যুক্ত করা হলোঃ

ঝ) শুরুতে প্রতিটি আলাদা ডিভাইসের জন্য সর্বোচ্চ ১০০০ টি PCB/PCBA স্টক হিসেবে আমদানির অনুমতি প্রদান করা হবে।

ঞ) VHF/UHF Walkie-Talkie, Base, Repeater, GPS এবং Automatic identification System (AIS) সংশ্লিষ্ট ডিভাইস সমূহ স্পর্শকাতর হিসেবে গণ্য হওয়ায় তা স্থানীয়ভাবে উৎপাদনের পূর্বে এই যন্ত্রপাতির ক্রেতা (শুধুমাত্র যে সকল প্রতিষ্ঠানের অনুকূলে কমিশন হতে তরঙ্গ বরাদ্দ দেওয়া আছে) কর্তৃক প্রদত্ত কার্যাদেশ/চাহিদাপত্র কমিশনে দাখিল করতে হবে। কমিশন কর্তৃক যাবতীয় তথ্যাদি যাচাই-বাছাই অন্তে উক্ত যন্ত্রপাতিসমূহ তৈরির অনুমতি প্রদান করা হবে।

ট) স্টকে থাকা PCB/PCBA এর সংখ্যা সর্বোচ্চ ২৫% নেমে আসলে অথবা চাহিদা প্রয়োজনীয় চাহিদার তুলনায় বেশী হলে কোম্পানির প্রয়োজন অনুযায়ী নতুন PCB/PCBA আমদানির অনুমতি প্রদান করা হবে।

ঠ) স্টকে রাখা PCB/PCBA এর পরিমাণ ভবিষ্যতে যদি পরিবর্তন করার প্রয়োজন হয়, তাহলে স্পেকট্রাম বিভাগ তা বিবেচনা করবে।

ড) প্রতিমাসে উৎপাদন ও বাজারজাতকরণের তথ্য কমিশনে দাখিল করতে হবে।

উপরোক্ত শর্তসমূহ "মোবাইলফোন হ্যান্ডসেট ব্যতীত টেলিযোগাযোগ সেবা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও উৎপাদন কারখানা স্থাপনের নির্দেশিকা" এর আওতায় Enlisted সকল প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে।

02 SEP 2025


(ড. মোঃ সোহেল রানা)
পরিচালক
স্পেকট্রাম বিভাগ, বিটিআরসি
ই-মেইল: sohel@btrc.gov.bd




CamScanner